গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
সংস্থাপন শাখা
www.khulna.gov.bd



নম্বর: ০৫.৪৪.৪৭০০.০০০.০২৬.১১.০০০১.২৬-১৯৫

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিট এর ১৯ জুলাই ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৬.২৩.৫১ নম্বর স্মারকে প্রদত্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার ২৪ আগস্ট ২০২৬ তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০১২.৫১.০০০৫.২৬.৪৪৬ নম্বর স্মারক মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা ও এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে (সাধারণ প্রশাসন) নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি পূরণের লক্ষ্যে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত খুলনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (https://dckhulna.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল<br>(জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৯ (নয়) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী লিখিত ও মৌখিক পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা (কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি)<br>(ঘ) টাইপিং এ গতি:<br>বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ<br>ইংরেজি: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ (বিশ) শব্দ<br>(ঙ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২. | লাইব্রেরি সহকারী<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | |
| ০৩. | হিসাব সহকারী<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৭ (সাত) টি | |
| ০৪. | কপিস্ট<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৭ (সাত) টি | |
| ০৫. | সার্টিফিকেট সহকারী<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন) টি | |
| ০৬. | বেঞ্চ সহকারী<br>(গ্রেড-১৬)<br>বেতনস্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৬ (ছয়) টি | |
| ০৭. | অফিস সহায়ক<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/- | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার তপশিল-৫ অনুযায়ী লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮. | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০)<br>বেতনস্কেল: ৮২৫০-২০০১০/- | ০২ (দুই) টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে; এবং<br>(গ) সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালার তপশিল-৫ অনুযায়ী লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ। |

চলমান পাতা-০২

CamScanner

**আবেদন ফর্ম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও খুলনা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২. সকল পদের প্রার্থীর ক্ষেত্রেই বয়সসীমা ০১.০৮.২০২৬ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানসহ সকল আবেদনকারীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদন দাখিলের শেষ সময় পর্যন্ত সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন/ বিধি-বিধান অনুযায়ী বয়সসীমা অনুসরণযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৪. আবেদনপত্রে আবশ্যিকভাবে প্রার্থীদের সম্প্রতি (আবেদন দাখিলের এক মাস পূর্ব পর্যন্ত) তোলা রঙিন ছবি ব্যবহার করতে হবে।

৫. অসত্য/ ভুল তথ্য সংবলিত/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/ প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে/ যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/ নির্বাচন/ নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি উপস্থাপন করতে হবে:

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (নামযুক্ত সীলসহ);

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের প্রশাসক/ ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার প্রশাসক/ কাউন্সিলর/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ;

ঙ) বীর মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/ মাতার মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত);

চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সিটি কর্পোরেশনের প্রশাসক/ ওয়ার্ড কাউন্সিলর, পৌরসভার প্রশাসক/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারমান/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

ঝ) কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা ও নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

ঞ) ডাউনলোডকৃত Applicant's copy এর সত্যায়িত কপি;

ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

ঠ) কম্পিউটার প্রশিক্ষণের দক্ষতার সনদ পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত ২০২৪) অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান যাবতীয় সরকারি বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮. চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

৯. নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থী বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১০. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/ পরিবর্ধন/ সংযোজন/ বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. উপযুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় এবং লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১২. নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১৩. এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৪. নিয়োগের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/ মামলা বিচারাধীন থাকে বা কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে; তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিদ্যমান বিধি-বিধান মোতাবেক শূন্য পদ পূরণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

১৫. কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও নির্ধারিত সময়ে প্রার্থীদের নির্বাচনী/ লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে), মৌখিক বা প্রাসঙ্গিক টেকনিক্যাল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

চলমান পাতা-০৩

CamScanner

১৭. **অনলাইনে আবেদন পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ https://dckhulna.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন পূরণ করতে পারবেন।

খ) আবেদনের সময় সীমা: Online আবেদন পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২১/০৯/২০২৬ তারিখ সকাল ১০.০০ টা এবং শেষ তারিখ: ১৫/১০/২০২৬ তারিখ বিকাল: ৫:০০ টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

গ) Online আবেদনে প্রার্থীর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

ঘ) Online আবেদনে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

চ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন Submit সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদনটি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সম্প্রতি তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি pdf কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১৬তম গ্রেডের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরৎযোগ্য) ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ২০তম গ্রেডের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরৎযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরৎযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইন (Online)-এ আবেদনের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DCKHULNA<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: DCKHULNA ABCDEF & send to 16222
Reply: Applicant's Name Tk 112/- or 56/- (If Applicable) Will be charged Application Fee, Your PIN 12345678 To pay fee Type DCKHULNA<Space>Yes<space>PIN & send to 16222 নম্বরে
দ্বিতীয় SMS: DCKHULNA<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে
Example: DCKHULNA Yes 12345678 & send to 16222
Reply: Congratulation Applicant's Name payment completed Successfully for DCKHULNA
Application <post name>User ID is (ABCDEF) and Password (*******)
দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এ Password পাবেন।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ) Online আবেদনে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে, বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে। SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চলমান পাতা-০৪

CamScanner

ঝ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dckhulna.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS–এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে।

শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে: **DCKHULNA**<space>**Help**<space>**User**<space>**User ID & send to 16222**

Example: DCKHULNA Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে: **DCKHULNA**<space>**Help**<space>**PIN**<space>**PIN No & send to 16222**

Example: DCKHULNA Help PIN 12345678 & send to 16222

ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **জেলা প্রশাসক, খুলনা'র** www.khulna.gov.bd ওয়েবসাইটে এবং https://dckhulna.teletalk.com.bd অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

ট) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে, যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এছাড়াও alljobs.query@teletalk.com.bd অথবা aokhulna@gmail.com [mail এর subject-এ organization name: DCKHULNA, Post Name: **********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।]

ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে online আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমন কি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

জেলা প্রশাসক
খুলনার ওয়েবসাইটে প্রবেশ এর
QR Code

জেলা প্রশাসক
খুলনার টেলিটক পোর্টালে প্রবেশ এর
QR Code

স্বাক্ষরিত/-
**হরে জান্নাত**
জেলা প্রশাসক
খুলনা
ফোন: ০২৪৭৭৭২১১১১ (অফিস)
email: dckhulna@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪৭০০.০০০.০২৬.১১.০০০১.২৬-১৯৫/১(১২০)

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, খুলনা ও সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৪. রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৫. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৬. উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা
৭. সিনিয়র সহকারী কমিশনার ও সদস্য সচিব, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা

চলমান পাতা-০৫

CamScanner

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ................................ (সকল)
২. পুলিশ সুপার, খুলনা
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা
৫. সিভিল সার্জন, খুলনা
৬. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা
৮. অতিরিক্ত জেলা প্রশাসক (...............)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা
৯. পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, খুলনা
১০. উপজেলা নির্বাহী অফিসার, ...................... (সকল), খুলনা
১১. সহকারী কমিশনার (ভূমি), .......................... (সকল), খুলনা
১২. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স (১১তলা, গুলশান ১, ঢাকা-১২১২)
১৩ ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, খুলনা
১৪. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, খুলনা
১৫. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসক, খুলনার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

| | |
|---|---|
| ১৬ ক. সম্পাদক, দৈনিক আমার দেশ (বাংলা), ঢাকা<br>খ. সম্পাদক, দৈনিক কালান্তর (বাংলা), খুলনা | নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৬/০৯/২০২৬ তারিখের মধ্যে ০১ (এক) দিনের জন্য তার পত্রিকার ভিতরের পাতায় ৪ কলামে ১০ ইঞ্চিতে প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| গ. সম্পাদক, দৈনিক আমার একুশ (বাংলা), খুলনা | নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৬/০৯/২০২৬ তারিখের মধ্যে অনলাইন (online) পত্রিকায় প্রকাশ করে তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো। |

১৭. নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।

হরে জান্নাত
জেলা প্রশাসক
খুলনা